

একনজরে

- ১। প্রথম সফল জবরদখল কলোনি ১৯৪৮ সালে অক্টোবরে বিজয় নগর কলোনি, নৈহাটা, উত্তর ২৪ পরগনা (১৪৯ গ্রুপ)।
- ২। দপ্তরের প্রথম ক্যাম্প গঠন হয় ১৯৫০ সালে জানুয়ারি মাসে চাঁদমারী, কল্যাণী, নদিয়াতে।
- ৩। প্রথম বিশেষ তালিকাভুক্ত কলোনির অনুমোদন পায় (পরে ৯৯৮ গ্রুপের অন্তর্ভুক্ত) ইন্দ্রিা নগর, নৈহাটা, বিজয় নগর, উত্তর ২৪ পরগনা।
- ৪। প্রথম ৯৯৮ গ্রুপের কলোনি দলিল প্রদান করা হয় রামকৃষ্ণ কলোনি, গরিফা, উত্তর ২৪ পরগনা (পৌরসভার জমি)।
- ৫। প্রথম অন উদ্বাস্তুদের দলিল প্রদান করা হয়— শিলিগুড়ি, দার্জিলিং।
- ৬। প্রথম কো-অপারেটিভ কলোনি— ফাটাপুকুর, জলপাইগুড়ি জেলা।
- ৭। প্রথম কৃষি কলোনি ও জমির আয়তনে বৃহত্তম— তালমা কলোনি, জলপাইগুড়ি।
- ৮। জমির আয়তনে বৃহত্তম উদ্বাস্তু (এইচ.এস) কলোনি— তাহেরপুর, নদিয়া।
- ৯। উদ্বাস্তু প্লট সংখ্যায় বৃহত্তম (এইচ.এস কলোনি) গয়েশপুর কলোনি, নদিয়া।
- ১০। প্রথম মিলিটারী পরিত্যক্ত ব্যারাক এবং হসপিটালের পরিত্যক্ত জমি দখল যাদবপুর বাস্তুহারা পল্লী (বিজয়গর কলোনি) ও ৩নং লেক কলোনি, কলকাতা।
- ১১। বার্মা উদ্বাস্তুদের প্রথম পুনর্বাসন কামারহাটি, উত্তর ২৪ পরগনা।
- ১২। জমির আয়তনে বৃহত্তম ক্যাম্প— ধুবুলিয়া, নদিয়া।
- ১৩। উদ্বাস্তু আবাসনের বৃহত্তম ক্যাম্প কুপার্স, নদিয়া।
- ১৪। প্রথম এক্স-ক্যাম্প ও আয়তনে বৃহত্তম— বাসুদেবপুর, বিষ্ণুপুর, বাঁকুড়া।
- ১৫। উদ্বাস্তু জনসংখ্যায় বৃহত্তম এক্স-ক্যাম্প— বাগজোলা ক্যাম্প, উত্তর ২৪ পরগনা।
- ১৬। প্রথম ওয়ার্ক সাইট ক্যাম্প— বাগজোলা, উত্তর ২৪ পরগনা।
- ১৭। বনাঞ্চলে প্রথম পুনর্বাসন দেওয়া হয়— হেড়োভাঙ্গা, সুন্দরবন, দক্ষিণ ২৪ পরগনা।
- ১৮। প্রথম নদীচরে পুনর্বাসন দেওয়া হয়— তিস্তার চর, জলপাইগুড়ি।
- ১৯। কৃষি অধ্যুষিত (কলোনি সংখ্যায়) বৃহত্তম জেলা— উত্তর দিনাজপুর।

- ২০। উদ্বাস্তু জনসংখ্যার বৃহত্তম জেলা— নদিয়া জেলা।
- ২১। উদ্বাস্তু কলোনি সংখ্যার বৃহত্তম জেলা— উত্তর ২৪ পরগনা।
- ২২। প্রথম উদ্বাস্তু দপ্তর (সচিবালয়) তৈরি হয়— ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রীট, কলকাতা। (আবদুল হামিদ স্ট্রীট)
- ২৩। প্রথম ডাইরেক্টরেট অফিস অকল্যান্ড প্লেস।
- ২৪। উদ্বাস্তু জবরদখল কলোনিতে প্রথম স্কুল ও বাজার তৈরি হয়— নেতাজি নগর, কলকাতা।
- ২৫। বাংলার বাইরে প্রথম উদ্বাস্তুদের পাঠানো হয়— আন্দামান দ্বীপে।
- ২৬। বাংলার বাইরে প্রথম কেন্দ্রীয় পুনর্বাসন প্রকল্প— দণ্ডকারণ্য।
- ২৭। দপ্তরের প্রথম উদ্বাস্তু কমিশনার— হিরণ্ময় বন্দ্যোপাধ্যায়।
- ২৮। রাজ্য সরকারের জমিতে প্রথম নিঃশর্ত দলিল প্রদান— নেতাজিনগর, বরাহনগর, উত্তর ২৪ পরগনা।
- ২৯। প্রথম উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা হয়— বাঁকুড়া জেলায় ১৯৪৬ সালে।
- ৩০। বিদেশি সংস্থার সাহায্য নিয়ে প্রথম পুনর্বাসন পরিকল্পনা— বেঙ্গল রিলিফ সোসাইটি অধীনে বি.আর.এস. কলোনি, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।
- ৩১। প্রথম উদ্বাস্তু মহিলা আবাসন— চামতা, কৃষ্ণনগর, নদিয়া।
- ৩২। প্রথম উৎপাদন কেন্দ্র— তাহেরপুর, নদিয়া (কেন্দ্রীয় প্রকল্প)।
- ৩৩। বাংলার বাইরে প্রথম ক্যাম্প— বেতিয়া, বিহার।
- ৩৪। প্রথম ট্রানজিট সেন্টার (১৯৪৯)— রানাঘাট, নদিয়া।